

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

For Procurement of Work and Physical Services

আরএফকিউ নং-০১/২০২৬-২০২৭

Package no.- C.S.26-27.42-01



কুমিল্লা পঞ্চায়েৎ বিদ্যুৎ সমিতি-২

উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা-৩৫০০

“জীপ গাড়ির ১ম শ্রেণির কম্প্রিহেনসিভ বীমা (সকল প্রকার ঝুঁকিসহ) করণের জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র (RFQ)”

প্রশাসন বিভাগ

কুমিল্লা পঞ্চায়েৎ বিদ্যুৎ সমিতি-২

উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা-৩৫০০

web: www.pbs2.comilla.gov.bd, E-mail: comillapbs2@gmail.com

ফোন নং- ০৮১-৬৮৮০৭

২৬.১০.২০২৬
ইস্যাকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল
মোঃ শহীদুল হুসাইন
এজিএম (প্রশাসন)
কুমিল্লা পবিস-২



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
Comilla Palli Bidyut Samity-2
সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।



টেলিফোন: অফিস: ০৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্র: ০৮১-৯৮১৬৫, ই-মেইল: comillapbs2@gmail.com ওয়েব সাইট: pbs2.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯৩৩.৫৪২.০১.৩৫.২৬. ৪৬৬৬


তারিখ: ১০ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

“জীপ গাড়ির ১ম শ্রেণির কম্প্রিহেনসিভ বীমা (সকল প্রকার ঝুঁকিসহ) করণের জন্য কোটেশন প্রদানের অনুরোধজনক পত্র (RFQ)”

প্রতি,


১. সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জীপ গাড়ির বীমা করণের লক্ষ্যে প্রকৃত বীমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।
২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ স্পেসিফিকেশন অফিস চলাকালীন সময়ে কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. এতদসঙ্গে সংযুক্ত “কোটেশন দলিল” ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল পবিসের ওয়েব সাইট www.pbs2.comilla.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে কুমিল্লা পবিস-২ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।
৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে **সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পবিস-২, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা-৩৫০০** এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং পন্য সরবরাহে কোন জামানত যেমন: কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন নেই।
৬. ১ম শ্রেণির কম্প্রিহেনসিভ বীমা (সকল প্রকার ঝুঁকিসহ) কভারেজ নিশ্চিতপূর্বক দর দাখিল করতে হবে।
৭. সীলমোহরকৃত খাম আগামী **২৯/১০/২০২৬ খ্রি.** তারিখ এবং সকাল ০৯:০০ টা থেকে সকাল ১১:০০ টার মধ্যে কোটেশনের ৪নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে জীপ গাড়ির বীমা করণের জন্য কোটেশন এবং আগামী **২৯/১০/২০২৬ খ্রি.** তারিখ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পর প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৮. প্রাপ্ত দরপত্রসমূহ আগামী **২৯/১০/২০২৬ খ্রি.** তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs2.comilla.gov.bd ও বাপবিবো ওয়েব সাইটে দেখা যাবে।
৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৯০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।
১০. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নম্বর ৪-এ বর্ণিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১১. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১২. “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫” এর বিধি ৯২ (৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ০৭ (সাত) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।
১৩. কাজ শেষে বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য হারে ভ্যাট/ট্যাক্স কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকে মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১৪. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সর্বশেষ প্রত্যয়ন পত্র, ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দািলিক প্রমাণাদি, যে কোন ভফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ এবং বীমা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে বীমার সার্টিফিকেট সরবরাহ করতে হবে।
১৬. নির্ধারিত তারিখের মধ্যে সার্টিফিকেট সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে জরিমানা কোনো অবস্থাতেই মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
১৭. কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


 (প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
 সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধসহ)

- ০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, কুমিল্লা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ), কুমিল্লা।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার,....., কুমিল্লা।
- ০৮। ডিজিএম-চৌদ্দগ্রাম/বাগমারা/বুড়িচং/বিঃপাড়া/ময়নামতি/গুণবতী/সদর দপ্তর (কারিগরী), কুমিল্লা পবিস-২।
- ০৯। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কুমিল্লা
- ১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/আইটি), কুমিল্লা পবিস-২।
- ১১। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি)/ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), কুমিল্লা পবিস-২। (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশ করে তার স্ক্রীন শট প্রিন্ট দিয়ে প্রশাসন বিভাগে প্রদান করার নির্দেশ দেওয়া হলো।)
- ১২। মেসার্স
- ১৩। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-২।
- ১৪। অফিস কপি/মাস্টার কপি।


 (প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
 সিনিয়র জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.১৯৩৩.৫৪২.০১.৩৫.২৬. ৪৫৬৬

(০১/২০২৬-২০২৭), তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

প্রতি,

সিনিয়র জেনারেল ম্যানেজার

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২

উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, কার্য ও ভৌত সেবা সরবরাহের শর্তাবলী অনুযায়ী যানবাহনের বীমা করণের জন্য প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য----- কথায়-----

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এছাড়াও আমি/আমরা “কার্য ও ভৌত সেবা সরবরাহ এবং মূল্য পরিশোধের জন্য শর্তাবলি” এর অনুচ্ছেদ-১০ (ক)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার /আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা খ্রি. তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ:

কার্য ও ভৌত সেবার মূল্য তফসিল

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.১৯৩৩.৫৪২.০১.৩৫.২৬. ৪৫৬৬

(০১/২০২৬-২০২৭), তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

ক্র. নং	গাড়ির চেসিস এবং ইঞ্জিন নম্বর	আইটেমের বিবরণ	পরিমাণ	ক্রয়ের তারিখ	গাড়ির ক্রয় মূল্য	একক দর/মূল্য		মোট মূল্য	পণ্য/সেবা সরবরাহের গন্তব্য স্থান
						অংকে	কথায়		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
০১	4D56UAY9535 PILSUVKS3W1900893	জীপ মিতসুবিশি এম.কো.লি.২০১৯ সিসি- ২৪৭৭, সিট, সংখ্যা- ৭	০১টি	৩০/০৬/২০২০	৯৪,০০,০০০.০০				কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২, উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লা।
সরবরাহকৃত কার্য ও ভৌত সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের টাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)						অংকে			
						কথায়:			
পণ্য প্রেরণের ঠিকানা									
মোট মূল্য টাকায় (কথায়)									
প্রস্তাবিত সরবরাহ									
প্রদত্ত ওয়ারেন্টি (Warranty)			প্রযোজ্য নয়।						

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফসিলের -----টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।

আমি/আমাদের প্রস্তাব -----/-----/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর	তারিখ:
কোটেশন দাতার নাম	

টীকা:

- ১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৬, ১০ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৭, ৮, ৯ কোটেশনদাতা পূরণ করবে।
- ২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে কার্য ও ভৌত সেবার দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য কার্য ও ভৌত সেবা সরবরাহের স্থানে সর্বোত্তমভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের লেভি/কর, শুল্ক ও ফি প্রযোজ্য আইনের অধীন পরিশোধনযোগ্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।
- ৩। Bangladesh Motor Tariff Rule অনুযায়ী দর দাখিল করতে হবে অর্থাৎ বর্ণিত যানবাহন সমূহের Private Use বিবেচনায় Premium প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB, Liability Premium ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমার মেয়াদ হবে ০১ বছর।
- ৪। সফল দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হলে বর্ণিত বীমার বিপরীতে Schedule of Policy প্রদানসহ ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প সমস্ত রিস্ক কভারের অঙ্গিকার নামা প্রদান করতে হবে। করতে হবে।
- ৫। বীমার ধরন হবে কম্প্রিহেনসিভ (ব্যাপক ঝুঁকি বীমা) এবং কোন প্রকার ঝুঁকি বাদ দিয়ে দর দাখিল করা যাবেনা।
- ৬। এনসিবি ও ডিসকাউন্ট অবশ্যই Motor Tariff Rules অনুযায়ী দাখিল করতে হবে এবং তার স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি সংযোজন করতে হবে।

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত শর্তানুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর	তারিখ:
কোটেশন দাতার নাম	

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.১৯৩৩.৫৪২.০১.৩৫.২৬. ৪৬৬৬

(০১/২০২৬-২০২৭), তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

“জীপ গাড়ির ১ম শ্রেণির কম্প্রিহেনসিভ বীমা (সকল প্রকার ঝুঁকিসহ) করণের জন্য ক্রয় আদেশ।

কোটেশন নম্বর: ০১/২০২৬-২০২৭	তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.
প্রতি: [সরবরাহকারীর নাম ও ঠিকানা] -----	
সরবাহের তারিখ:-----	ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা-----
সরবরাহ : শর্তানুযায়ী	


নিম্নে তালিকাভুক্ত কার্য ও ভৌত সেবাসমূহ সরবরাহের জন্য ক্রয়কারী -----তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং কার্য ও ভৌত সেবাসমূহ সংযুক্ত শর্তাবলি অনুযায়ী উপর্যুক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ক্রয়াদেশকৃত কার্য ও ভৌত সেবাসমূহ
কার্য ও ভৌত সেবাসমূহের অনুমোদিত মূল্য সংবলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। শর্তাবলির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।
ক্রেতার জন্য: 
নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর
তারিখ:

সংযুক্তিসমূহ: উপর্যুক্ত বর্ণনা মোতাবেক।

কার্য ও ভৌত সেবা সরবরাহ এবং মূল্য পরিশোধের জন্য শর্তাবলি:

১. চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫” এর বিধান প্রযোজ্য হবে।
৩. ক্রয় আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী বীমা সম্পন্নপূর্বক সার্টিফিকেট সরবরাহ সমাপ্ত করতে হবে।
৪. যদি ক্রয়কারী কার্য ও ভৌত সেবাসমূহ গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফসীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।
৫. মোট চুক্তি মূল্য অংকে-----কথায়----- টাকা।
৬. “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫” এর বিধি ৫৫ (৮) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।
৭. কার্য ও ভৌত সেবাসমূহ সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।
৮. কোনো অবস্থাতেই ক্রয়াদেশের কোনো শর্ত সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
৯. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলো সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলি সংশোধন করতে পারবে।
১০. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারবেন; যদি সরবরাহকারী:
ক. কার্য ও ভৌত সেবাসমূহের প্রতিযোগিতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকাণ্ডে জড়িত থাকেন।
খ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।
১১. এই চুক্তি হতে উদ্ভূত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।
১২. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫” এর বিধি ১৪৯ মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

 (প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী) সিনিয়র জেনারেল ম্যানেজার কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লা।	সরবরাহকারীর জন্য নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর
তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.	তারিখ: